গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৮৮/২০১৯-২০২০
ঢাকা, ২৫ অক্টোবর শুক্রবার ২০১৯, ০৯ কার্তিক ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ন্যাম সম্মেলনে যোগ দিতে আজারবাইজান পৌঁছেছেন প্রধানমন্ত্রী
২। এসএ গেমসে স্বর্ণজয়ী খেলোয়াড়দের ফ্ল্যাট দিলেন প্রধানমন্ত্রী
৩। বস্তুনিষ্ঠ সংবাদ প্রচারকরতে গণমাধ্যমের প্রতি স্পিকারের আহ্বান
৪। নুসরাত হত্যা মামলার রায়ে অধ্যক্ষ সিরাজসহ ১৬ জনের ফাঁসি
মর্যাদা রক্ষায় তেজোদীপ্ত আত্মত্যাগ নুসরাতকে অমরত্ব দিয়েছে : বিচারক
৫। নুসরাত হত্যা মামলার তদন্ত সংস্থা পিবিআইকে প্রধানমন্ত্রীর সাধুবাদ
৬। নুসরাত হত্যা মামলার রায়ে সরকারের পক্ষ থেকে সেতুমন্ত্রীর স্বস্তি প্রকাশ
৭। নুসরাত হত্যার বিচার এদেশে আইনের শাসনের ইতিহাসে উজ্জ্বল দৃষ্টান্ত : গণপূর্ত মন্ত্রী
৮। গণমাধ্যমের সবার আইনি সুরক্ষায় কাজ করতে হবে : গোলটেবিল বৈঠকে তথ্যমন্ত্রী
৯। ট্রেনচালকদের প্রশিক্ষণে লোকোমোটিভ সিমুলেটর উদ্বোধন করেন রেলপথমন্ত্রী
১০। ব্যবসা সহজীকরণ সূচকে ৮ ধাপ এগিয়েছে বাংলাদেশ : বিশ্বব্যাংক প্রকাশিত 'ডুয়িং বিজনেস-২০২০' প্রতিবেদন
১১। আসিয়ান সামিটে রোহিঙ্গা ইস্যু তুলবে সিঙ্গাপুর

চলমান পাতা-২

১। **ন্যাম সম্মেলনে যোগ দিতে আজারবাইজান পৌঁছেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৮তম জোটনিরপেক্ষ সম্মেলনে (ন্যাম) যোগ দিতে চার দিনের সরকারি সফরে গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) আজারবাইজান পৌঁছেছেন। ন্যাম সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। গতকাল বিকেলে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ বিমান বাকুর উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। স্থানীয় সময় রাত ৯টার দিকে ফ্লাইটটি বাকু হায়দার আলিয়েভ আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানানোর পর মোটর শোভাযাত্রা সহকারে তাঁকে হিলটন বাকু হোটেলে নিয়ে যাওয়া হবে। আজারবাইজান সফরকালে তিনি এ হোটেলেই অবস্থান করবেন। ন্যামের দুই দিনের সম্মেলন আজ ও আগামীকাল বাকুর কংগ্রেস সেন্টারে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২৫ অক্টোবর সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেবেন। প্রধানমন্ত্রী হায়দার আলিয়েভ সেন্টারে আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলিয়েভের আনুষ্ঠানিক সংবর্ধনায় অংশ নেবেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১)।

২। **এসএ গেমসে স্বর্ণজয়ী খেলোয়াড়দের ফ্ল্যাট দিলেন প্রধানমন্ত্রী**

১২তম সাউথ এশিয়ান গেমসে স্বর্ণপদকজয়ী তিন খেলোয়াড়কে ফ্ল্যাট উপহার দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা তারা হলেন নৌবাহিনীর কৃতী সাঁতারু মাহফুজা খাতুন শীলা, সেনাবাহিনীর শুটার শাকিল আহমেদ এবং আনসার ও ভিডিপির ভারোত্তোলক মাবিয়া আক্তার। প্রধানমন্ত্রী গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) গণভবনে আনুষ্ঠানিকভাবে এ ফ্ল্যাট হস্তান্তর করেন। আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে দেশের জন্য অনন্য সাফল্য বয়ে আনার স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রী খেলোয়াড়দের এ উপহার দেন। প্রধানমন্ত্রী এ সময় খেলোয়াড়দের অনুশীলনের বিষয়ে বিস্তারিত খোঁজখবর নেন এবং তাদের আরও একনিষ্ঠভাবে খেলাধুলায় মনোনিবেশ করার আহ্বান জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১৯,ক.৬)।

৩। **বস্তুনিষ্ঠ সংবাদ প্রচারকরতে গণমাধ্যমের প্রতি স্পিকারের আহ্বান**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী নির্ভীক সাংবাদিকতার মাধ্যমে বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের জন্য গণমাধ্যমের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন অবাধ তথ্য প্রবাহের সুবর্ণ সময় অতিবাহিত করছে। বস্তুনিষ্ঠ সংবাদ সবার কাছে পৌঁছে দেয়া গণমাধ্যমের অন্যতম দায়িত্ব। গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় ইংরেজি দৈনিক ডেইলি সানের নবম বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১)।

৪। **নুসরাত হত্যা মামলার রায়ে অধ্যক্ষ সিরাজসহ ১৬ জনের ফাঁসি**

**মর্যাদা রক্ষায় তেজোদীপ্ত আত্মত্যাগ নুসরাতকে অমরত্ব দিয়েছে : বিচারক**

ফেনীর সোনাগাজী ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসার আলিম পরীক্ষার্থী নুসরাত জাহান রাফিকে আগুনে পুড়িয়ে হত্যা মামলার রায়ে প্রধান আসামি অধ্যক্ষ সিরাজ উদদৌলাসহ ১৬ জনকে দড়িতে ঝুলিয়ে ফাঁসির আদেশ প্রদান করা হয়েছে। গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মামুনুর রশিদ এ আদেশ দেন। এছাড়া রায়ে প্রত্যেক আসামিকে ১ লাখ টাকা করে জরিমানার অর্থ আইন মোতাবেক আদায় করে ভিকটিমের পিতা-মাতাকে দেওয়ার জন্য ফেনীর জেলা ম্যাজিস্ট্রেটকে নির্দেশ প্রদান করা হয়েছে। অধ্যক্ষের যৌননিপীড়নের প্রতিবাদ করায় গত ৬ এপ্রিল নুসরাতের শরীরে আগুন দেওয়া হয়। ১০ এপ্রিল রাজধানীর একটি হাসপাতালে তার মৃত্যু হয়। নারীর মর্যাদা রক্ষায় নুসরাতের এ আত্মত্যাগ তাকে অমরত্ব দিয়েছে বলে বিচারক রায়ে উল্লেখ করেন। রায়ে সন্তোষ প্রকাশ করেছে নুসরাতের পরিবার ও আইনজীবীরা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

৫। **নুসরাত হত্যা মামলার তদন্ত সংস্থা পিবিআইকে প্রধানমন্ত্রীর সাধুবাদ**

সত্য উদ্‌ঘাটনের মধ্য দিয়ে দোষীদের শাস্তি নিশ্চিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নুসরাত হত্যা মামলার তদন্ত সংস্থা পুলিশ ব্যুরো অভ্ ইনভেস্টিগেশনকে (পিবিআই) সাধুবাদ জানিয়েছেন। পুলিশ মহাপরিদর্শক ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারীর মাধ্যমে প্রধানমন্ত্রীর বার্তা গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) পৌঁছে পিবিআইপ্রধানের কাছে। এ ব্যাপারে পিবিআইপ্রধান ডিআইজি বনজ কুমার মজুমদার গতকাল সংবাদ মাধ্যমকে বলেন, ন্যায়বিচার প্রতিষ্ঠিত হওয়ায় প্রধানমন্ত্রী অত্যন্ত খুশি। এটা আমাদের জন্য প্রেরণাদায়ক। এ ছাড়া স্বরাষ্ট্রমন্ত্রীও ধন্যবাদ জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬)।

৬। **নুসরাত হত্যা মামলার রায়ে সরকারের পক্ষ থেকে সেতুমন্ত্রীর স্বস্তি প্রকাশ**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ফেনীর সোনাগাজী ইসলামিয়া ফাজিল মাদ্রাসার ছাত্রী নুসরাত জাহান রাফি হত্যা মামলার রায়ে সরকারের পক্ষ থেকে স্বস্তি প্রকাশ করেছেন। গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি বলেন, 'নুসরাত হত্যা মামলায় ১৬ জনের ফাঁসির রায় হয়েছে। দ্রুততার সঙ্গে বিচারকার্য সম্পাদন হয়েছে। এ জন্য সরকারের পক্ষ থেকে আমরা স্বস্তি প্রকাশ করছি।' সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫)।

৭। **নুসরাত হত্যার বিচার এদেশে আইনের শাসনের ইতিহাসে উজ্জ্বল দৃষ্টান্ত : গণপূর্ত মন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী এডভোকেট শ. ম. রেজাউল করিম বলেছেন, নুসরাত হত্যাকাণ্ডের বিচারের মাধ্যমে বাংলাদেশে আইনের শাসনের ইতিহাসে উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন হয়েছে। এ হত্যাকাণ্ডের দ্রুততার সঙ্গে তদন্ত ও বিচার শেষ হয়েছে। আইনী প্রক্রিয়ায় প্রত্যাশিত দণ্ডারোপ করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে এ নির্মম হত্যাকাণ্ডের বিচারে আইনজীবীরা গৌরবময় ভূমিকা পালন করেছেন। গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) রাজধানীর সুপ্রীমকোর্ট বার মিলনায়তনে খুলনা বিভাগীয় আইনজীবী সমিতি, ঢাকার কার্যনির্বাহী কমিটি ২০১৯-২০ এর অভিষেক অনুষ্ঠানের বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫)।

৮। **গণমাধ্যমের সবার আইনি সুরক্ষায় কাজ করতে হবে : গোলটেবিল বৈঠকে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, দেশে সম্প্রচার নীতিমালা হয়েছে। এ আইন পাস করা গেলে সে আলোকে সম্প্রচার মাধ্যমের কর্মীদের চাকরি সুরক্ষা হবে। এ ছাড়া নবম ওয়েজবোর্ডে স্পষ্ট বলা আছে, ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের জন্য একটি আলাদা নীতিমালা করতে হবে। নবম ওয়েজবোর্ডের সুপারিশের আলোকে একটি নীতিমালাও করা প্রয়োজন, যাতে ইলেকট্রনিক মিডিয়ার শ্রমিক, কর্মচারী, সাংবাদিক সবার জন্য আইনি সুরক্ষা থাকে। সম্প্রচারমাধ্যমে সবার জন্য আইনি সুরক্ষায় একসঙ্গে কাজ করতে হবে। গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) রাজধানীর কাকরাইলে পিআইবি সেমিনার হলে ব্রডকাস্ট জার্নালিস্ট সেন্টার আয়োজিত 'সম্প্রচারমাধ্যমের সংকট' শীর্ষক গোলটেবিল বৈঠকে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১)।

৯। **ট্রেনচালকদের প্রশিক্ষণে লোকোমোটিভ সিমুলেটর উদ্বোধন করেন রেলপথমন্ত্রী**

কমলাপুরের লোকেশেড কারখানায় বাংলাদেশ রেলওয়েতে প্রথমবারের মতো সংযোজিত হলো আধুনিক প্রযুক্তির 'লোকোমোটিভ সিমুলেটর'। গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) সিমুলেটরটি উদ্বোধন করেন রেলপথমন্ত্রী নুরুল ইসলাম সুজন। ট্রেনচালকদের (লোকোমাষ্টাার) প্রশিক্ষণে ব্যবহার হবে এ যন্ত্র। সরাসরি ট্রেন ব্যবহার না করে লোকোমোটিভ সিমুলেটরে ট্রেন চালানোর অভিজ্ঞতা পাওয়া যাবে। ১৫ কোটি ৬০ লাখ টাকায় স্পেন থেকে কেনা হয়েছে সিমুলেটরটি স্থাপন করা হয়েছে কমলাপুর রেলওয়ে ষ্টেশনে। সিমুলেটর উদ্বোধন অনুষ্ঠানে রেলপথমন্ত্রী বলেন, রেলওয়ের ট্রেনচালকদের উন্নতর প্রশিক্ষণ প্রদানের জন্য এ সিমুলেটর বিদেশ থেকে আনা হয়েছে। এতে যাত্রীদের নিরাপত্তা আরো সুরক্ষিত হবে বলে মন্ত্রী উল্লেখ করেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৪)।

১০। **ব্যবসা সহজীকরণ সূচকে ৮ ধাপ এগিয়েছে বাংলাদেশ : বিশ্বব্যাংক প্রকাশিত 'ডুয়িং বিজনেস-২০২০' প্রতিবেদন**

বিশ্বব্যাংকের ব্যবসা সহজীকরণের সূচকে আট ধাপ এগিয়েছে বাংলাদেশ। গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) বিশ্বব্যাংক প্রকাশিত 'ডুয়িং বিজনেস-২০২০' প্রতিবেদনের সূচকে **১৯০**টি দেশের মধ্যে বাংলাদেশ উঠে এসেছে **১৬৮**তম অবস্থানে। আগের বছরের সূচকে বাংলাদেশ ছিল **১৭৬**তম অবস্থানে। ব্যবসা শুরুর প্রক্রিয়া, বিদ্যুৎ সংযোগ ও ঋণপ্রাপ্তি প্রক্রিয়া আগের চেয়ে সহজ হওয়ায় বাংলাদেশের এ অগ্রগতি। এ বছর ব্যবসা সহজীকরণের জন্য যে ২০টিদেশ সবচেয়ে বেশি অগ্রগতি দেখিয়েছে তার মধ্যে রয়েছে বাংলাদেশ। বিশ্বব্যাংক বাংলাদেশ প্রসঙ্গে বলেছে, মূলত তিনটি ধাপে বড়ো অগ্রগতি হওয়ায় বাংলাদেশ এগিয়েছে। ব্যবসাপ্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন ফি কমানোর ফলে ব্যবসা শুরুর জন্য খরচ কমেছে। আগের বছরের তুলনায় বিদ্যুৎ সংযোগ আরো দ্রুত হয়েছে। তাছাড়া নতুন বিদ্যুৎসংযোগ পেতে জামানতের পরিমাণ কমানো হয়েছে। ঋণ গ্রহণের তথ্য পাওয়ার পদ্ধতি অনেক সহজ ও উন্নত হয়েছে। এ বিষয়কে বাংলাদেশের ব্যবসা সহজীকরণে বড়ো অগ্রগতি বলেছে বিশ্বব্যাংক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২)।

১১। **আসিয়ান সামিটে রোহিঙ্গা ইস্যু তুলবে সিঙ্গাপুর**

রোহিঙ্গা সঙ্কট সমাধানে সিঙ্গাপুরের কাছে সহায়তা চেয়েছে বাংলাদেশ। এ পরিপ্রেক্ষিতে সিঙ্গাপুর জানিয়েছে, পরবর্তী আসিয়ান সামিটে দেশটি এ নিয়ে আলোচনা করবে। সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী ড ভিভিয়ান বালাকৃষ্ণানের সঙ্গে বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির প্রতিনিধিদলের এক বৈঠকে এমন আলোচনা হয়েছে বলে গতকাল (২৪ অক্টোবর বৃহস্পতিবার) পররাষ্ট্র মন্ত্রণালয় প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।